দৈনিক ইনকিলাব

27 JAN 1990

তারিখ ... 27 JAN 1990
পৃষ্ঠা ... 5 কলাম 6 ...

19

# বরিশালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী আজো বাস্তবায়িত হয়নি

।। বরিশাল অফিস ।।

২৬ জানুয়ারী।— দীর্ঘ দুই যুগেও বরিশালে দক্ষিণাঞ্চলের একমাত্র বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারটির কোন সুরাহা হয়নি। এটা দেশের দক্ষিণাঞ্চলের সাতটি জেলার একক দাবী হলেও সরকারী তরফ থেকে এর বাস্তবায়নে

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## বরিশাল বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

কোন পদক্ষেপ গৃহীত না হওয়ায় জনমনে চরম হতাশা ও ক্ষোভ বৃদ্ধি পাচ্ছে। বরিশাল, পটুয়াখালী, ভোলা, বরগুনা, পিরোজপুর, ঝালকাঠি ও মাদারীপুর জেলার প্রায় এক কোটি মানুষের দীর্ঘদিনের প্রাণের দাবী ছিল বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপন। কিন্তু প্রাক-স্বাধীনতাকালে এজন্যে দাবী তুলে যেমন কোন লাভ হয়নি, তেমনি স্বাধীনতার পরের সরকারও এ ব্যাপারটি তেমন কানে তোলেনি। ১৯৭৩ সালে বরিশাল বিএম কলেজের ছাত্রদের নেতৃত্বে এ দাবীর সমর্থনে আন্দোলন শুরু হয়। এমনকি ১৯৭৪-এর কোন এক সময়ে তৎকালীন স্বরাষ্ট্র মন্ত্রীকে বরিশাল সফরের সময়ে স্থানীয় সার্কিট হাউজে ঘেরাও করে ছাত্ররা। তারা এ দাবীর ব্যাপারে তৎকালীন ক্ষমতাসীন দলের এমপিদের পদত্যাগও দাবী করে। এর পরেও বহু আন্দোলন হয়েছে কিন্তু আশ্বাস ছাড়া আর কিছুই মেলেনি। বিএনপি সরকারের আমলে প্রেসিডেন্ট জিয়ার কাছেও এ দাবীটি তোলা হয়। তিনি নীতিগতভাবে দাবীটি মেনে নিয়ে তা বিবেচনার আশ্বাস দেন। এবং ১৯৭৯ সালের ২৩ নভেম্বর মন্ত্রী পরিষদের বৈঠকে বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়টি অনুমোদন লাভ করে। তৎকালীন শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আব্দুল বাতেনকে বরিশাল বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটির আহবায়ক করে একটি কমিটিও গঠন করা হয়। বর্তমান ভাইস প্রেসিডেন্ট জনাব মওদুদ আহমদও একজন মন্ত্রী হিসেবে সে বৈঠকে উপস্থিত ছিলেন।

কিন্তু সরকার পরিবর্তনের পরে এ সিদ্ধান্তটিও আর বাস্তবায়নের মুখ দেখেনি। পরবর্তীতে এ দাবীর সমর্থনে এ অঞ্চলে বহু আন্দোলন হয়েছে। ১৯৮৭ সালে ডিসেম্বর মাসে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে বরিশালে এক আমরণ গণ-অনশন হয়। সরকারের জনৈক মন্ত্রী সে অনশন ভঙ্গ করান বিভিন্ন আশ্বাস দিয়ে। কিন্তু প্রকৃতপক্ষে আর কিছুই হয়নি।